

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা - ১৭

নং- শিম/শাঃ ১৭/১০ এম-১৫/২০০৭(অংশ-২)/


তারিখঃ ২৫ এপ্রিল, ২০১১
১২ বৈশাখ, ১৪১৮

বিষয়ঃ শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচীর আওতায় চেক গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৯/০৩/২০১১ তারিখে অনুষ্ঠিত জাতীয় স্টিয়ারিং কমিটির ৮ম সভায় শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচীর আওতায় আপনার প্রস্তাবিত ও সংশোধিত প্রকল্পটি প্রাথমিক বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত অর্থে আপনার সম্মতির প্রেক্ষিতে আর্থিক সহায়তার জন্য গৃহীত হয়েছে।

২। এমতাবস্থায়, আপনার প্রস্তাবিত গবেষণা প্রকল্পের বিপরীতে জাতীয় স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত ২০১০-২০১১ অর্থ বছরের অর্থ সহায়তার চেক আগামী ৩০/০৪/২০১১ তারিখের মধ্যে (যে কোন সময়) শিক্ষা মন্ত্রণালয়ের অধিশাখা- ১৭, কক্ষ নম্বর-১৭০৮, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা নিম্নস্বাক্ষরকারীর নিকট হতে গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

৩। গবেষণা সহায়তার চেক গ্রহণের পূর্বে/গ্রহণকালে শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে (www.moedu.gov.bd) চুক্তিনামার কপি সংগ্রহ করে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতঃ চুক্তিনামার একটি মূল কপি সরবরাহ নিশ্চিতকরণের জন্যও অনুরোধ করা হলো।


(রঞ্জিৎ কুমার সেন)
উপসচিব (বিশ্বঃ ১)
ফোনঃ ৭১৬১১৭৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :


- (১) প্রফেসর ড. মাহমুদা ইয়াসমিন, প্রফেসর, অনুজীব বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
- (২) ড. রবীন্দ্রনাথ মন্ডল, অধ্যাপক, গণিত বিভাগ, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।
- (৩) প্রফেসর ড. মোহাম্মদ আতিকুর রহমান, ফ্যাকাল্টি অব বায়োলজিক্যাল সাইন্স, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

নং- শিম/শাঃ ১৭/১০ এম-১৫/২০০৭(অংশ-২)/ ২৩০(৩)(৪)

তারিখঃ ২৫ এপ্রিল, ২০১১
১২ বৈশাখ, ১৪১৮

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। পরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১নং পলাশী, নীলক্ষেত, ঢাকা-১২০৫।
- ২। উপ-সচিব (নিরাপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। তাঁকে উল্লিখিত সম্মানিত সদস্যগণকে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। উপর্যুক্ত পত্রটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রেরণের অনুরোধ করা হলো।


(রঞ্জিৎ কুমার সেন)
উপসচিব (বিশ্বঃ ১)